Rising Stars
Reading Planet

# আপনার সন্তানকে পড়ানোর জন্য নির্দেশিকা

## ঘরে পড়ার থেকে যাতে আপনার সন্তান সর্বাধিক লাভবান হয় তার উপায়

- ধ্বনিবিজ্ঞানের উপকারিতা
- বইয়ের ব্যান্ডের ব্যাখ্যা
- উপলব্ধির বিকাশ ঘটানোর জন্য ধারণা

এই বইটি *রিডিং প্ল্যানেট-গাইড টু রিডিং উইথ ইওর চাইল্ড*-এর অংশবিশেষ (*10 টির প্যাক*) আইএসবিএন: 978-1-47188-857-1
পাঠ্যাংশ, ডিজাইন এবং বিন্যাস © 2016 রাইজিং স্টার্স ইউকে লিমিটেড।

রাইজিং স্টার্স ইউকে লিমিটেড-এর পক্ষ থেকে ২০১৬ ইং-এ প্রথমবার প্রকাশিত হয়েছে, হোডার এডুকেশন গ্রুপের একটি অঙ্গ
একটি হ্যাচেট ইউকে কোম্পানি
কার্মেলাইট হাউস 50 ভিক্টোরিয়া এমব্যাঙ্কমেন্ট লন্ডন EC4Y 0DZ
www.risingstars-uk.com
ছাপাখানায় যাওয়ার সময় পর্যন্ত সব তথ্য সঠিক।

লেখক: অ্যাবিগেইল স্টীল
প্রকাশক: হেলেন পার্কার
নির্বাহকারী সম্পাদক: এমিলি পিথার
অঙ্কনশিল্পী: ডেভিড আরুমি/ অ্যাস্টাউন্ড
শিক্ষাগত পরামর্শদাতা: অধ্যাপক ক্লেয়ার উড, কভেন্ট্রি বিশ্ববিদ্যালয়
প্রকল্প পরিচালক: সু ওয়ালটন
টাইপসেটিং: স্টিভ ইভান্স
সম্পাদকীয়: ল্যুইস জ্যাকলিন, অড্রে স্টোকস, কার্স্টেন টেলর
প্রুফরীডার: জেন কার

সর্বস্বত্ব সংরক্ষিত। ইউকে কপিরাইট আইনে অনুমোদিত কোনো ব্যবহার ছাড়া, এই প্রকাশনাটির কোন অংশই, কোনভাবে, ইলেকট্রনিক বা যান্ত্রিক, ফটোকপি বা রেকর্ড করার মাধ্যমে কোন আকারে পুনরুৎপাদিত বা স্থানান্তরিত করা যাবে না বা কপিরাইট লাইসেন্সিং এজেন্সী লিমিটেডের লাইসেন্স বা প্রকাশকের লিখিত অনুমতি ছাড়া কোন তথ্য সংরক্ষণ ও পুনরুদ্ধারের প্রক্রিয়ার জন্য রাখা যাবে না। এই ধরনের লাইসেন্স (ফটোকপি করে পুনরুৎপাদনের জন্য) সম্পর্কে বিশদ বিবরণ কপিরাইট লাইসেন্সিং এজেন্সী লিমিটেড, স্যাফ্রন হাউস, 6-10 কার্বি স্ট্রীট, লন্ডন EC1N 8TS থেকে পাওয়া যেতে পারে।

কপিরাইট, ডিজাইন এবং পেটেন্টস অ্যাক্ট 1998 অনুসারে এই কাজটির লেখক হিসাবে অ্যাবিগেইল স্টীলের অধিকার চিহ্নিত করা হয়েছে।

ব্রিটিশ লাইব্রেরীর তালিকা প্রণয়ন-প্রকাশনাভুক্ত তথ্যের একটি CIP নথি ব্রিটিশ লাইব্রেরী থেকে পাওয়া যাবে।
হ্যাচেট ইউকে-র নীতি হল প্রাকৃতিক, পুনর্নবীকরণযোগ্য এবং পুনর্ব্যবহারযোগ্য ও পরিকল্পিত উপায়ে লালিত বনে বেড়ে ওঠা কাঠ থেকে তৈরী কাগজই ব্যবহার করা। কাটা এবং নির্মাণের প্রক্রিয়াগুলির পণ্যের উৎস দেশের পরিবেশগত নিয়মনীতি মেনে চলা প্রত্যাশিত।

চীনে মুদ্রিত

Rising Stars
Reading Planet

## সূচীপত্র


রিডিং প্যানেট-এ স্বাগতম ........ 2

পড়া এত গুরুত্বপূর্ণ কেন? ........ 3

পাঠ্যক্রমের প্রত্যাশা বোঝা........ 4

বইয়ের ব্যান্ড বলতে কি বোঝায়? ........ 6

কিভাবে আপনার সন্তানের সাথে পড়বেন ........ 8

শব্দহীন বই-এর ব্যবহার ........ 10

ধ্বনিবিজ্ঞান বিষয়ক........ 11

আনন্দের জন্য পড়তে উৎসাহিত করা ........ 12

আপনার সন্তানের পঠনের রেকর্ড ব্যবহার করা........ 14

পাঠকদেরকে অসুবিধায় সাহায্য করা........ 15

সমস্যা সমাধান বিষয়ক পরামর্শ........ 16

আরো পড়া ........ 17

# রিডিং প্যানেট-এ স্বাগতম

এই নির্দেশিকাটি আপনি দেখছেন কারণ আপনার সন্তান রিডিং *প্যানেট সিরিজের* বই পড়া শুরু করেছে। আপনার হয়তো আগে থেকেই শিশুদেরকে পড়ানোর আভিজ্ঞতা আছে, কিন্তু আপনার সন্তানকে তার পঠন যাত্রাপথে চলার সময় মনে জাগতে পারে এমন কিছু সহায়ক পরামর্শ, ধারণা ও প্রশ্নের উত্তর দিয়ে এই নির্দেশিকাটি আপনাকে সাহায্য করবে।

রিডিং প্যানেট হল একদল বিশেষজ্ঞের দ্বারা তৈরী আসাধারণ পাঠ্য যোজনা, যা আপনার সন্তানের মধ্যে পড়ার দক্ষতার বিকাশ ঘটানোর পাশাপাশি পড়ার প্রতি আজীবন ভালোবাসা গড়ে তুলতে। শিশুরা কিভাবে পড়ে, বিশেষ করে 'বাক ছন্দ সংবেদনশীলতা' নামক একটি বিষয়ের সাম্প্রতিক গবেষণার উপর ভিত্তি করে এই সিরিজটি তৈরি করা হয়েছে, যা সরল কিছু কাজকর্মের সাহায্যেই শেখানো যেতে পারে। এটি শব্দটিকে অপরিচিত মনে হলেও পড়া শেখার সময় কথা বলা ও ভাষার প্রতি শিশুদের সংবেদনশীলতা তৈরি করা ও বোঝার ক্ষেত্রে এটি সত্যিই জরুরী।



### *রিডিং প্যানেট* চারটি সূত্র নিয়ে গঠিত...

**Lift-off** - সব শিশুদের মধ্যে যাতে জরুরী প্রারম্ভিক ভাষার দক্ষতাগুলির বিকাশ ঘটে তা নিশ্চিত করতে রয়েছে শব্দহীন বই।

**Rocket Phonics** - আসাধারণ বই যা শিশুদেরকে প্রাসঙ্গিক ধ্বনিগত দক্ষতা অভ্যাস করতে সাহায্য করে।

**COMET STREET KIDS** - কমেট স্ট্রীটের চার বন্ধু, রাভ, আশা, টেস এবং ফিনের জীবনের রোমাঞ্চকর অভিযানের গল্প।

**Galaxy** - প্রতিটি শিশুর আগ্রহ ধরে রাখতে অনুপ্রেরণাদায়ী গল্প, তথ্যমূলক সাহিত্য, কবিতা ও আত্মজীবনী।

# পড়া এত গুরুত্বপূর্ণ কেন?

আপনার সন্তানকে পড়তে শেখায় সাহায্য করা কেন এত গুরুত্বপূর্ণ তার পাঁচটি কারণ এখানে দেওয়া হল:

**1 পঠন ভাববিনিময়ের ক্ষেত্রে দক্ষতা তৈরী করতে সাহায্য করে**

পড়তে শেখা আপনার সন্তানকে অন্যদের সাথে যোগাযোগ ও ভাবের আদানপ্রদানের দক্ষতার উপরেও ইতিবাচক প্রভাব ফেলতে পারে, পাশাপাশিভাবে এর ফলে কথা বলা, শোনা এবং লেখার দক্ষতাও উন্নত হবে।

**2 পাঠ করা কল্পনাশক্তিকেও উন্মুক্ত করে**

সৃষ্টিশীলতা ও কল্পনাশক্তির দুনিয়া খোলার একটি উপায় হল পাঠ করা। যখন আপনি পড়তে পারবেন তখন নতুন জগৎ এবং নতুন অভিজ্ঞতা ও আনন্দ লাভ করবেন।

**3 স্কুলের অগ্রগতির ক্ষেত্রেও পাঠ করা ইতিবাচক প্রভাব ফেলে**

পঠন আপনার সন্তানের শিক্ষার ক্ষেত্রেও এক গুরুত্বপূর্ণ ধাপ কারণ এটি অন্যান্য বিষয়ের তথ্য বোঝার ক্ষমতা উন্মুক্ত করে, যার মানে হল গভীর উপলব্ধি এবং আরো দ্রুত অগ্রগতি।

> "PISA -এর ফলাফলে (OECD, 2011) দেখা গেছে যে 15 বছর বয়সীদের যারা প্রতিদিন আনন্দলাভের জন্য পড়ে, তারা পঠনে অনাগ্রহীদের থেকে স্কুলের ক্ষেত্রে দেড় বছর এগিয়ে থাকে।"
>
> *আনন্দলাভের জন্য পড়া: একটি সাহিত্য পর্যালোচনা* (2016, ন্যাশনাল লিটারেসি ট্রাস্ট)

**4 পাঠ করা মানসিক স্বাস্থ্য এবং সুস্থতার মাত্রাকে উন্নত করতে পারে**

আনন্দলাভের উদ্দেশ্যে বারবার করে পড়া আপনার শিশুর সুস্থতার মাত্রাকে বাড়াতে সাহায্য করতে পারে। আপনার সন্তানেরা তাদের প্রিয় বইয়ের পাত্রদেরকে প্রায়শই তাদের আদর্শ হিসাবে দেখে এবং আপনার সন্তানকে অন্যদের প্রতি সহানুভূতিশীল হওয়ায় সাহায্য করতে পারে। পড়ার দ্বারা শিশুরা অন্য শিশুদের সম্মুখীন হওয়া সমস্যা এবং কিভাবে সেগুলির মোকাবিলা করতে হয় সে সম্পর্কে জানতে পারে।

**5 পড়া হল জীবনের একটি বুনিয়াদি দক্ষতা**

আমাদের সমাজে, প্রাত্যহিক কাজ স্বতন্ত্রভাবে করতে আমরা পড়তে পারার উপর নির্ভর করে থাকি। পড়তে না জানলে বহু ব্যবহারিক কাজই ভীষণ সমস্যাবহুল হয়ে দাঁড়াতে পারে, কাজেই কম বয়স থেকেই পড়ার বিষয়ে দক্ষতা অর্জন খুব গুরুত্বপূর্ণ।

# পাঠ্যক্রমের প্রত্যাশা বোঝা

পাঠের মাধ্যমে কল্পনাশক্তি উন্মুক্ত করা এর একটা দিক, কিন্তু পাঠ্যক্রমের চাহিদা অনুসারে আপনার সন্তানের কি করা দরকার? যে দক্ষতাগুলি শিখতে শিক্ষকরা সাহায্য করবেন এবং ইংল্যান্ডের জাতীয় পাঠ্যক্রমের প্রত্যাশা পূরণের যে লক্ষ্যের প্রতি তারা কাজ করবে তার একটি সামগ্রিক চিত্র এখানে দেওয়া হল।

## কি ধরণের জিনিস আপনার সন্তান গ্রহণ করবে বলে আপনি আশা করছেন?

দ্য আর্লি ইয়ার ফাউন্ডেশন স্টেজ (EYFS) পাঠ্যক্রমে নিচের বর্ণনা আনুযায়ী একটি বিশেষ পঠনগত উদ্দেশ্য রয়েছে:

> "শিশুরা সরল বাক্য পড়ে এবং বোঝে। তারা নিয়মিত শব্দের অর্থোদ্ধার করতে ধ্বনিগত জ্ঞান ব্যবহার করে এবং সেগুলিকে নির্ভুলভাবে জোরে জোরে পড়ে। তারা কিছু সাধারণ অনিয়মিত শব্দও পড়ে। তারা কি পড়ল তা নিয়ে অন্যদের সাথে কথা বলার সময় তারা তাদের উপলব্ধিরও প্রদর্শন করে।"

গ্রহণের ক্ষেত্রে পাঠের অন্যান্য যে দিকগুলি দেখা যায় বা শেখানো হয় তার মধ্যে এসব অন্তর্ভুক্ত থাকতে পারে:

- ★ শব্দের প্রথম ধ্বনিগুলি শোনা এবং বলা
- ★ ধ্বনিগুলিকে সহজ সরল শব্দে ভেঙ্গে সেগুলিকে একত্রিত করা
- ★ শব্দ ও সরল বাক্য পড়তে শুরু করা
- ★ বইয়ের অভিজ্ঞতায় অনুপ্রাণিত হয়ে শব্দভান্ডার এবং বাচনভঙ্গীর রূপগুলি ব্যবহার করা
- ★ ক্রমশঃ ব্যাপ্তি বাড়তে থাকা বইগুলি উপভোগ করা
- ★ বই এবং কম্পিউটার থেকে যে তথ্য পুনরুদ্ধার করা যেতে পারে তা জানা।

## মূল পর্যায় 1-এ থাকাকালীন আপনার সন্তানের কাছ থেকে কি প্রত্যাশা রাখা হয়?

পাঠের জন্য জাতীয় পাঠ্যক্রমটি মূল পর্যায় 1 এবং 2 (KS1 এবং KS2)-এ মূলতঃ দুইটি ক্ষেত্রের উপর জোর দেয়:

**শব্দ পাঠ** - অপরিচিত মুদ্রিত শব্দের উচ্চারণ (পাঠোদ্ধার করা) এবং পরিচিত মুদ্রিত শব্দ চিনতে পারা, উভয়ের উপর কাজ করা

**উপলব্ধি** - গল্প এবং তথ্যমূলক সাহিত্য উভয়ই ব্যাপকভাবে পড়া যাতে শিশুদের জ্ঞান ও নিজেদের ও তারা যে জগতে বাস করে তা নিয়ে উপলব্ধি বিকশিত করা যায়, পড়ার সমাদর ও ভালোবাসা গড়ে তোলা যায় এবং পাঠ্যক্রম জুড়ে জ্ঞান লাভ করা যায়।

উদ্দেশ্য হল প্রতিটি শিশু যাতে:

- ★ সহজে, স্বাচ্ছন্দ্যে এবং ভালো করে বুঝে পড়তে পারা
- ★ আনন্দ ও তথ্যলাভ উভয়ের জন্যই, যাতে ব্যাপকভাবে এবং প্রায়ই পড়ার অভ্যাস গড়ে তুলতে পারে
- ★ প্রচুর শব্দভান্ডার, ব্যাকরণের বোঝাপড়া এবং পঠন, লিখন ও কথিত ভাষার জন্য ভাষাতাত্ত্বিক রীতিগুলির জ্ঞান লাভ করতে পারে
- ★ আমাদের সমৃদ্ধ ও বৈচির্ত্যশীল সাহিত্য সম্পদের গুণগ্রাহিতা করতে পারে।

## কখন এবং কিভাবে আপনার শিশুর পরীক্ষা করা হবে?

### ধ্বনিগত বাছাই পরীক্ষা

1 ম বছরের শেষে আপনার সন্তানের একটি ধ্বনিগত স্ক্রীনিং করা হবে। আপনার সন্তান শব্দের পাঠোদ্ধার করতে (পড়তে) শিখেছে কিনা মূল্যায়ন করার জন্য এটি পরিকল্পিত, কিন্তু শব্দগুলির মানে বুঝেছে কিনা তা পরীক্ষা করার জন্য নয়। শিশুদেরকে জোরে জোরে 40টি শব্দের একটি তালিকা শিক্ষককে পড়ে শোনাতে হবে। কুড়িটি হবে আসল শব্দ এবং বাকিগুলি ছদ্ম-শব্দ (কৃত্রিম শব্দ) যাতে শিশুদের পড়ার সময় তাদের স্মরণশক্তির পরিবর্তে ধ্বনিগত দক্ষতার ব্যবহার নিশ্চিত করা যায়।

### জাতীয় স্তরের পরীক্ষা

2 য় বছরে, KS1-র শেষে, প্রত্যেক বছরের মে মাসের প্রথম শিক্ষা সপ্তাহ চলাকালীন জাতীয় স্তরের পরীক্ষাগুলি নেওয়া হবে, যা বেশ কয়েকদিন ধরে চলবে। পঠনের পরীক্ষার একটি পত্র থাকবে, যা এক ঘন্টা ধরে চলবে। আপনার সন্তানকে তিনটি ভিন্ন পাঠ্যাংশ সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে হবে (যেগুলি প্রায়শই একটি গল্প, একটি তথ্যমূলক সাহিত্য এবং আরেকটি কবিতা থাকে)। কিছু প্রশ্নের উত্তর বাছেটিক দিয়ে দিতে হবে এবং অন্যগুলির জন্য বিশদে লিখে উত্তর করতে হবে। প্রশ্নগুলি শব্দভান্ডারের জ্ঞান ও বোধ পরীক্ষণের সাথে পাঠ্যাংশ থেকে অনুমান করার উপরে জোর দেবে।

# বইয়ের ব্যান্ড বলতে কি বোঝায়?

বহু পাঠ্য যোজনাতেই তাদের বইয়ের স্তর নির্দেশ করতে রঙিন বইয়ের ব্যান্ড ব্যবহার করে থাকে। কিন্তু এই রঙগুলির মানে কি? যদি আপনার সন্তান হলুদ ব্যান্ডে থাকে কিন্তু তার বন্ধুরা যদি সবুজ ব্যান্ডে থাকে তাহলে কি হবে? পরবর্তী ব্যান্ডে যেতে প্রস্তুত হওয়ার জন্য আপনার সন্তানের কতটা সময় লাগবে? আপনার সন্তান কি পরিবর্তে তাদের প্রিয় রঙ বেছে নিতে পারবে? প্রথমে বইয়ের ব্যান্ডের ধারণাটি বিভ্রান্তিকর মনে হলেও, পঠনের কাঠিন্যের স্তর অনুসারে বইগুলি শ্রেণীবদ্ধ করার একটি ব্যবস্থা ছাড়া এটি আর কিছুই নয়। আপনার সন্তান হয়তো সর্বনিম্ন স্তরটি থেকে বই পড়া শুরু করতে পারে (লাইল্যাক বা গোলাপী) এবং যখন তাদের শিক্ষক বুঝবেন যে তারা প্রস্তুত, তখন তারা পরবর্তী ব্যান্ডে চলে যেতে পারে। বইয়ের ব্যান্ড ব্যবহার করা শিশু, অভিভাবক এবং শিক্ষকদেরকে জানতে সাহায্য করে যে কোন বইগুলি শিশুদের পঠনের যাত্রার প্রতিটি পর্যায়ের জন্য উপযুক্ত। মনে রাখা গুরুত্বপূর্ণ যে এটি শেষ করার ঘোড়দৌড় নয়, এবং পঠন মানে কিন্তু শব্দগুলি সফলভাবে পড়ার (পাঠোদ্ধার করার) পাশাপাশি বুঝতে পারাও।



# রঙগুলির অর্থ কি?

| | |
|---|---|
| লাইল্যাক<br>স্তর 0 | এই বইগুলি শব্দহীন এবং পড়ার প্রতি শিশুদের আগ্রহী করে তুলতে সম্পূর্ণভাবে চিত্রের সাহায্য নেওয়া হয়েছে। |
| চরহশ A<br>খবাবষ 1A | শিক্ষার্থীরা সরল বাক্য পড়ার জন্য তাদের প্রারম্ভিক শব্দ পঠনের দক্ষতা প্রয়োগ করতে শুরু করে। বাঁদিকে প্রত্যেকটি পৃষ্ঠায় একটি করে বাক্য রয়েছে। এই প্রারম্ভিক স্তরগুলির বিষয়বস্তু অনেকটাই পরিচিত অভিজ্ঞতার উপর নির্ভরশীল হয়ে থাকে। |
| গোলাপী B<br>স্তর 1B | গোলাপী অ-র অনুরূপ, কিন্তু প্রত্যেকটি পাতায় একটি করে বাক্য থাকবে। |
| লাল A<br>স্তর 2A | শিক্ষার্থীরা অল্প দীর্ঘ বাক্যগুলি আয়ত্ব করতে তাদের প্রত্যয়ের বিকাশ ঘটায়। এই বইগুলির প্রতিটি পাতায় 1-2 টি করে বাক্য থাকে। |
| লাল B<br>স্তর 2B | লাল অ-র মতই, কিন্তু বাক্যগুলি এক লাইনের থেকে বেশি বড় হতে পারে। |
| হলুদ<br>স্তর 3 | গল্পের আরো বিস্তার ঘটানো ও তথ্যমূলক পাঠ্যাংশের সাথে বাক্যগুলি আরেকটু বেশি জটিল হয়ে থাকে। |
| নীল<br>স্তর 4 | পাঠ্যাংশের পরিমাণ ধীরে ধীরে প্রতি পাতায় আনুমানিক ছয় লাইন পর্যন্ত বাড়ে। বইগুলির মধ্যে কিছু বিমূর্ত পরিভাষা এবং তথ্যমূলক সাহিত্যের মধ্যে কিছু উপ-শিরোনাম অন্তর্ভুক্ত থাকতে পারে। |
| সবুজ<br>স্তর 5 | গল্পগুলি পরিচিত অভিজ্ঞতার উপর কম নির্ভরশীল হয়ে থাকে এবং আরো পরিমার্জিত রসবোধ এবং উত্তেজনা অন্তর্ভুক্ত করে। বেশি সংখ্যক চরিত্র থাকে, এবং ঘটনাগুলি কোনো কোনো জায়গায় বেশ কয়েক পাতা ধরে চলতে থাকে। |
| কমলা<br>স্তর 6 | পাঠ্যাংশের মানে এখনো সোজাসাপ্টা, কিন্তু আক্ষরিক ব্যাখ্যার প্রয়োজন হওয়া ছাড়াই পাঠকদের মানে বুঝতে পারা উচিত। |
| ফিরোজা<br>স্তর 7 | বইগুলিতে আরো বড় বিবরণ থাকে, এবং বিভিন্ন ধরনের যতিচিহ্ন ও বিশেষ শব্দভান্ডার তুলে ধরে। |
| বেগুনী<br>স্তর 8 | পাঠকরা মূলভাবটি ধরতে পারেন এবং বইগুলিতে ছোট ছোট অধ্যায় থাকতে পারে। পাঠকদের কাছে চরিত্রগুলি নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর করার আরো বেশি সুযোগ থাকে। |
| সোনালী<br>স্তর 9 | বইগুলিতে জটিল বাক্যগঠন করা হয়ে থাকে, এবং প্রতি পৃষ্ঠায় আরো বেশি বেশি অপরিচিত শব্দ থাকে। চরিত্রগুলি আরো বেশি করে সুস্পষ্ট এবং নিখুঁত হতে থাকে। |
| সাদা<br>স্তর 10 | পাঠকরা আশ্চর্য হতে পারেন বা তাঁদের প্রত্যাশা ধাক্কা খেতে পারে। একাধিক মতামত উপস্থিত করা হতে পারে এবং তথ্য খুলে বলার থেকে ইঙ্গিত করে বুঝিয়ে দেওয়া হয়। |

# কিভাবে আপনার সন্তানে সাথে পড়বেন

আপনি হয়তো জানেন যে ঘরে পড়ায় সহায়তা করা ও উৎসাহ জোগানো সত্যিই গুরুত্বপূর্ণ, কিন্তু যখন আপনার সন্তান একটি বই ঘরে আনে তখন আপনার কি করা দরকার, এবং শিক্ষক যেখানে ছেড়েছিলেন সেখান থেকেই বা আপনি কিভাবে শুরু করবেন? *আনন্দলাভের জন্য পঠন* থেকে পাওয়া মূল বিষয়ের সারসংক্ষেপ: একটি সাহিত্য পর্যালোচনায় (2016, ন্যাশনাল লিটারেসি ট্রাস্ট) দেখা গেছে যে আপনি সত্যিই পার্থক্য করতে পারেন।

> "অভিভাবকদের বিশ্বাস, মনোভাব এবং আচরণ প্রত্যক্ষভাবে তাঁদের সন্তানের উপভোগের জন্য পাঠ করায় সাহায্য করে এবং পঠনের বেশি স্কোর ও পঠনের অনুপ্রেরণা বেশি থাকার সাথেও এটিকে জড়িত থাকতে দেখা গেছে।"
>
> উপভোগের জন্য পড়া: একটি সাহিত্য পর্যালোচনা (2016, ন্যাশনাল লিটারেসি ট্রাস্ট)

যখন আপনি আপনার সন্তানের সাথে পাঠ করছেন তখন সাফল্য পাওয়ার পাঁচটি ধাপের কথা এখানে দেওয়া হল:

## 1 একটি রুটিন তৈরী করুন

একসাথে বসে পাঠ উপভোগ করার মত আদর্শ মূহুর্ত পাওয়া শক্তই হতে পারে। যদি আপনি তা পারেন, তাহলে প্রত্যেক দিন একই সময়ে পড়ার একটি রুটিন তৈরী করুন যাতে আপনাদের পক্ষে নিত্যনৈমিত্তিকভাবে পড়ার পর্ব মেনে চলা সম্ভব হয়। শোওয়ার সময় একসাথে পড়া পছন্দসই হলেও, যদি আপনার সন্তান সন্ধ্যায় বেশি ক্লান্ত থাকে তাহলে আপনি হয়তো ভোরের দিকে বা স্কুল শেষ হওয়ার পরে পড়ার পর্বটি করলে আরো বেশি সাফল্য পেতে পারেন।

## 2 অল্প অল্প করে কিন্তু বারবার পড়ার সময় বের করুন

একসাথে পাঠটি যে অনেকক্ষণ ধরেই হতে হবে তার কোন মানে নেই; দিনে মাত্র দশ মিনিট করে হলেও তা ইতিবাচক প্রভাব ফেলে। যদি আপনার সন্তান সত্যিই পড়তে পড়তে তাতে ডুবে যায় তাহলে বেশিক্ষণ ধরে তা চলতে দিন, কিন্তু যদি তারা স্কুলে ব্যস্ত দিনের পরে ক্লান্ত থাকে (বা যদি আপনি কাজের জায়গায় ব্যস্ত দিনের পরে ক্লান্ত থাকেন...) তাহলে রুটিন বজায় রাখার জন্য মাত্র কয়েক পাতা হলেও পড়ুন।

## 3 পাঠের পরিবেশ তৈরী করুন

পাঠ করার অভ্যাস তৈরি করা এমনিতেই শক্ত কাজ, তার উপর ঘরে মনোযোগ বিক্ষিপ্ত হওয়ার মত পরিস্থিতি থাকলে তা আরো কঠিন মনে হয়। একটি শান্ত স্থান খুঁজে বের করার চেষ্টা করুন- কোনো টিভি, ভাইবোন, পোষ্য যাতে গন্ডগোল না করে। এছাড়াও, পর্যাপ্ত আলো সহ কোনো স্থানে চিন্তামুক্ত থাকার কথাও ভাবুন। স্বচ্ছন্দ অনুভূতি আপনার শিশুর আনন্দলাভের মাত্রাকে আরো বাড়িয়ে তুলবে ।

## 4 পড়তে স্বচ্ছন্দ হোন, জড়িত থাকুন ও সহায়তা করুন

স্থির হয়ে বসে আপনারা দুজনেই পাঠ্যটি দেখতে পাওয়ার মত ভালো অবস্থায় বসেছেন কিনা এবং পাঠের পর্ব চলার সময় প্রয়োজনমত সাহায্য করতে পারছেন কিনা তা ভেবে দেখুন। আপনার প্রধান কাজ হল শব্দ পাঠ/পাঠোদ্ধারের নির্ভুলতা পরীক্ষা করা। পাঠ্যটি নিয়ে আপনার সন্তানের সাথে কথা বলার সময় আপনাকে কিছু ব্যবহারিক ধারণা দিতে এবং বিষয়টি থেকে সর্বাধিক সার গ্রহণ করতে রিডিং প্যানেট বইগুলির প্রচ্ছদ পৃষ্ঠার ভিতরে থাকা টীকাগুলি ব্যবহার করুন। এই পৃষ্ঠাগুলি কৌশলী শব্দকে লক্ষ্যণীয় করে তোলে এবং বইটি পড়ার আগে, পড়ার সময় এবং পরে বোঝা সাহায্য করার জন্য আপনার সন্তানের সাথে আলোচনার জন্য প্রশ্নের উদাহরণ দেয়। চেষ্টা করে দেখার মত পাঠের চটজলদি প্রস্তুতির পরামর্শ এবং কার্যকলাপও রয়েছে। কিভাবে শিশুরা সবথেকে কার্যকরভাবে পড়তে শেখে তার উপর করা গবেষণার আবিষ্কারের উপর এই সহজ কার্যকলাপগুলি নির্ভরশীল।

## 5 পড়া হয়ে গেলে প্রশংসা করুন

আপনার সন্তানের পড়ার সময় উৎসাহ দেওয়া গুরুত্বপূর্ণ, কিন্তু পাঠ শেষ করার পরে আপনার সন্তানকে অন্ততঃ একটি কৃতিত্বের জন্য (এমনকি পর্বটি খুব একটা সফল না হলেও!) প্রশংসা করার চেষ্টা করুন। এটি ব্যাপারটিকে ইতিবাচকভাবে শেষ করবে এবং আপনার সন্তানকে পরবর্তী পর্বের জন্য উন্মুখ করে তুলবে।

# যদি আপনার ঘরের ভাষা ইংরাজী না হয় তাহলে কি হবে?

যে সমস্ত পরিবারের প্রথম ভাষা ইংরাজী নয়,তাদের জন্য আপনার সন্তানের পাঠে সহায়তার পক্ষে এখানে কিছু অতিরিক্ত পরামর্শ দেওয়া হল:

★ আপনার সন্তান আপনাকে ইংরাজীতে পড়ে শোনানের পরে, বইটি নিয়ে আপনার ঘরের ভাষায় আলোচনা করা খুবই মূল্যবান। আপনি ছবি, শব্দের মানে নিয়ে কথা বলতে পারেন, এমনকি গল্পটি আবার বলতে পারেন বা তথ্যমূলক সাহিত্য হলে বিষয়টির সারসংক্ষেপ করতে পারেন। এটি আপনার সন্তানকে তার শব্দভান্ডার ও বোধগম্যতার দক্ষতার বিকাশ ঘটাতে সাহায্য করবে।

★ আপনার সন্তানের পড়ার বইগুলির অডিও সংস্করণটি পেতে চেষ্টা করুন, যাতে যখন শিশুরা মুদ্রিত শব্দগুলি পড়ে তখন আপনি পড়ে শোনানো পাঠ্যাংশটি শুনতে পারেন। এটি আপনার সন্তানের কাছে উচ্চারণের সাথে সাথে জোরে পড়ার সময় বাগ ভঙ্গিমা ও ছন্দের নমুনাও এনে দেবে।

★ একটি ভালো মানের দ্বিভাষিক অভিধান ব্যবহার করুন যাতে আপনি আপনাদের অপরিচিত শব্দগুলির মানে দেখতে পারেন। আপনার সন্তানকে ইংরাজীর নতুন শব্দগুলি মজাদার উপায়ে শেখানোর পক্ষে ছবিসহ অভিধানগুলিও ভালো।

★ যদি আপনার সন্তানকে কোন ধ্বনিগুলি পড়তে শেখানো হচ্ছে (ধ্বনিবিজ্ঞান) তা নিয়ে আপনি অনিশ্চিত হন, তাহলে ইন্টারনেটে এমন বহু ধ্বনি উচ্চারণের ভিডিও নির্দেশিকা রয়েছে তা উপযোগী সহায়িকা প্রদান করতে পারে।

★ EAL অভিভাবকদের সহায়তা করার জন্য পরিকল্পিত এমন কোন কর্মশালা আপনার সন্তানের স্কুলে হচ্ছে কিনা দেখুন।

# শব্দহীন বই-এর ব্যবহার

এ কি কোনো শব্দই নেই? আপনি আপনার সন্তানকে শব্দহীন বই 'পড়ে' না শোনাতে পারলেও, আপনি একসাথে গল্পটি ভাগ করে নিতে ও উপভোগ করতে পারেন, কাজেই শব্দহীন বইয়ের ধারণাটি বাতিল করে দেওয়া যায় না। এগুলি লাইল্যাক বইয়ের ব্যান্ডের মধ্যে পড়ে এবং একটি শিশুর পঠনের যাত্রা শুরু করার পক্ষে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলা যেতে পারে। রিডিং প্যানেটের লাইল্যাক বইগুলি আপনার সন্তানের আদানপ্রদান ও শোনার দক্ষতা মজবুত করতে এবং তাদেরকে পড়ার জন্য প্রস্তুত করতে ধ্বনির সাথে মেলাতে বিশেষভাবে তৈরী। পাঠ্যাংশ থেকে মনোযোগ না সরিয়ে, শিশুরা ছবিগুলি অনুবাদ করে তাদের নিজের ভাষায় একটি গল্পকে আবার বলতে পারে।

## আমি কিভাবে আমার সন্তানের সাথে শব্দহীন বই ব্যবহার করে সর্বাধিক উপকার পেতে পারি?

- ★ আপনার সন্তানকে কিভাবে বই ধরতে হয় শেখান - কোনদিকে এটি যাচ্ছে তা দেখুন; কিভাবে এবং কোনদিকে পাতা উল্টোতে হয় দেখান; আপনার মুখ থেকে কত দূরে বইটি ধরতে হয় তা দেখান।
- ★ প্রথমে প্রচ্ছদের ছবিটি দেখুন এবং ভিতরে কি থাকতে পারে তা নিয়ে ভাবুন। বইটি কি নিয়ে হতে পারে তা জানতে পিছনের পাতা এবং বইয়ের প্রচারলিপিটি দেখুন। সামনের প্রচ্ছদ পৃষ্ঠায় লেখকের নাম দেখে 'লেখক খুঁজে বের করো' খেলুন।
- ★ আপনার সন্তানকে বইয়ের প্রতিটি পাতায় মনোযোগ দিতে বলুন, তারা হয়তো পাতা ওল্টাতে উদগ্রীব হয়ে পড়তে পারে, যেহেতু বইটিতে কোন শব্দ নেই। তাদেরকে স্পষ্ট করে বলুন যে আমরা ছবিগুলি নিয়ে ভেবে কোনো শব্দ ছাড়াই একটি গল্প পড়তে পারি।
- ★ বইটি উল্টেপাল্টে দেখে নিয়ে গল্পটি কি তা 'বের করতে' আগ্রহী হোন। আপনি আপনার সন্তানকে এতে মনোযোগী করে তুলতে এরকম কিছু বলে তাকে উদগ্রীব করে রাখতে পারেন যেমন, *এর পরে কি ঘটবে তাই আমি ভাবছি?*, *এবং বাহ, এটা আমাকে অবাক করল!*
- ★ আপনার সন্তানকে পৃষ্ঠায় কি ঘটতে চলেছে (অনুমান করা), তার পরে কি ঘটবে বলে তাদের মনে হয় (পূর্বানুমান), তারা কেন এমন হবে বলে ভাবছে (যুক্তি) এবং কিভাবে তারা এটি তাদের নিজেদের জীবনের সাথে মেলাতে পারছে (প্রয়োগ) তা তাকে জিজ্ঞাসা করুন।
- ★ উন্নত বাক্য গঠনের ধাঁচ দিতে সাহায্য করুন- যদি আপনার সন্তান বলে *দেখো খেলছে!* তাহলে আপনি তার পরে বলুন *হ্যাঁ, দেখো, ঐ বাচ্চাগুলো বালির গর্তে খেলছে।*
- ★ আপনি আপনার সন্তানকে 'মৌখিক মিশ্রণ' শুরু করাতেও সাহায্য করতে পারেন, যা এমন একটি প্রাক-পঠন দক্ষতা যা তাদেরকে স্কুলে ধ্বনিবিজ্ঞানের সাথে পড়ায় প্রস্তুত করে। ছবি থেকে একটি জিনিস বেছে নিন, যেমন একটি তাঁবু বা tent। শব্দগুলি আপনার সন্তানের শোনার জন্য ধীরে ধীরে উচ্চারণ করুন *t-e-n-t*, তারপর আপনার সন্তানকে পুরো শব্দটি বলতে উৎসাহিত করুন *tent*।

ধ্বনিবিজ্ঞানের কথা শুনেছেন, কিন্তু এটা কি তা নিয়ে নিশ্চিত নন? এটি এমন জিনিস যা হয়তো আপনার সন্তানের শিক্ষক আপনার সন্তানকে পড়তে শেখানোর জন্য ব্যবহার করছেন, কিন্তু এমন জিনিস যেটির সাথে আপনি হয়তো পরিচিত নন।

ধ্বনিবিজ্ঞান শব্দগুলিকে 'উন্মুক্ত' করার পক্ষে এক কার্যকর উপায় এবং শিশুদের পঠনের অগ্রগতিতে সাহায্য করে। যখন আমরা পাঠ করি, তখন আমরা পৃষ্ঠার অক্ষরগুলিকে দেখি এবং সেগুলির উপস্থাপিত ধ্বনিগুলি উচ্চারণ করি। তারপর, পাঠ্যটি আমাদেরকে কি বলতে চাইছে তা বুঝতে পারার জন্য আমরা প্রত্যেকটি শব্দকে একটি অর্থের সাথে জড়িত করি। ইংরাজীতে. আমাদের আনুমানিক 44 টি বাগধ্বনি আছে, কিন্তু আমাদের বর্ণমালায় মাত্র 26 টি অক্ষর আছে, কাজেই কিছু ধ্বনিকেদুটি, তিনটি বা এমনকি চারটি অক্ষর যোগ করে উপস্থাপিত করা হয়।

প্রাথমিক স্তরের পাঠকদেরকে সহজ শব্দ পড়ার জন্য শুধুমাত্র একটি অক্ষর দিয়ে একটি শব্দ মেলানো শেখানো হয় (যেমন, s-a-t)। তারপরে, শিশুরা শব্দগুলিকে ভেঙ্গে পাঠোদ্ধার করতে অক্ষর ও ধ্বনিগুলির 'বিভাগ' ও 'মিশ্রণ' ঘটাতে থাকে। তার মানে হল তাদের ধ্বনিগুলি উচ্চারণের সাথে, বাঁদিক থেকে ডানদিকে, তারা পুরো শব্দটিই 'শুনতে' সক্ষম (যেমন, sat)। শিশুদের অগ্রগতি এবং বইগুলি আরো জটিল হওয়ার সঙ্গে সঙ্গে ধ্বনিগুলি একাধির অক্ষরের দ্বারা উপস্থাপিত হতে পারে (যেমন, **sh**op শব্দটিতে *sh*) এবং মাঝেমধ্যে একটি অক্ষর বা একগুচ্ছ অক্ষর বিভিন্ন ধ্বনিকে উপস্থাপিত করে (যেমন ow c**ow** শব্দে ow এবং l**ow** শব্দটিতে ow)।

ধ্বনিবিজ্ঞানের লক্ষ্য হল শিশুরা যাতে একটি শব্দের মাধ্যমে অক্ষর ও শব্দগুলিকে এক স্বচ্ছন্দে চিনতে ও প্রক্রিয়াকরণ করতে পারে যাতে শব্দ পরিচয় স্বয়ংক্রিয় হয়ে ওঠে। যদিও এটা সেখানেই শেষ নয়, যেহেতু শিশুদেরকে আরো জটিল শব্দ ও বই নিয়ন্ত্রণের জন্য বিভেদ ও মিশ্রণে দক্ষতা বজায় রাখতে হয়।

মনে রাখা গুরুত্বপূর্ণ যে বোধগম্যতা ও উপলব্ধির সাথে শিশুদের ধ্বনিগত দক্ষতাও থাকা দরকার, কাজেই পড়ার সময় ধারণা ও মানে নিয়ে বড়দের সাথে শিশুদের কথা বলেও সহায়তা হতে পারে।



# আনন্দের জন্য পড়তে উৎসাহিত করা

পড়ায় ভালো হওয়া ও স্কুলে ভালো নম্বর পাওয়ার সাথে সাথে আপনার সন্তানের পড়তে আনন্দলাভ করাটাও জরুরী। আপনার সন্তানকে আনন্দলাভের জন্য পড়তে উৎসাহিত করার কয়েকটি শীর্ষস্থানীয় পরামর্শ এখানে দেওয়া হল:

1 নিজে দৃষ্টান্ত হন - আপনার সন্তানকে দেখতে দিন যে আপনিও পড়ছেন এবং পড়া উপভোগ করছেন, যাতে ঘরে পাঠ করাটা শুধুমাত্র ঘরের কাজই না হয়ে থাকে।

2 আপনার সন্তানের আগ্রহের সাথে জড়িত বই দিন এবং ঘরে প্রচুর পড়ার উপকরণ রাখুন যাতে তারা তাদেও সুবিধামত সময়ে সেগুলি থেকে বেছে নিতে পারে। যদি আপনার সন্তান কোন বিশেষ ধারার বই পড়তে অসুবিধায় পড়ে, তাহলে তাদেরকে তাদের আগ্রহের কোনো বিষয় বা চরিত্র খুঁজে বের করায় সাহায্য করুন, এমনকি তাতে পত্রিকা বা কমিকস পড়তে হলেও-ঘরে যত বেশি পড়া যায়, ততই ভালো!

3 আপনার সন্তান যে বইটি পড়ছে সেটি নিয়ে কথা বলুন। উদ্দীপনা এবং বোধগম্যতার বিকাশে সাহায্য করতে বইগুলি নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করা সহায়ক হতে পারে।

4 আপনার সন্তানকে দেখান যে আপনি তাদের বইয়ের গল্প এবং চরিত্রগুলি নিয়ে আগ্রহী, এটি তাদেরকে চরিত্রগুলি নিয়ে আরো জানার উৎসাহ গড়ে তুলতে সাহায্য করবে।

5 এমনকি আপনার সন্তান একজন সক্ষম, স্বতন্ত্র পাঠক হলেও, তাদেরকে পড়ে শোনানো ভালো। খুব কম বয়স থেকে আপনার  সন্ত ানকে পড়ে শোনানো এক নিবিড় বন্ধন এবং পাঠের ইতিবাচক স্মৃতি তৈরী করতে সাহায্য করে, কাজেই আপনার সন্তানকে কিছু পড়ে শোনানো অব্যাহত রাখা গুরুত্বপূর্ণ, বিশেষ করে শোওয়ার সময়ের গল্পগুলি।



6 কোনো কিছুর পাঠ চলাকালীন, আপনার সন্তানকে গল্পটি আরো উপভোগ করতে সাহায্য করতে চরিত্রটির মত করে কণ্ঠস্বর মজাদার করুন। আপনি সারা দিন ধরে কোনো একটি চরিত্র হওয়ারও ভান করতে পারেন।

7 যদি কোনো পাঠের পর্বে, আপনারা দুজনে সত্যিই কোন বই উপভোগ করে থাকেন, তাহলে এটি আবার পড়তে পিছপা হবেন না। আপনি হয়তো প্রতিবারেই নতুন কিছু শিখতে পারেন।

8 বই ঘাঁটা উপভোগ করে বইয়ের দোকানে সময় কাটান এবং আপনার সন্তানকে তার যে বইটি সবথেকে উদ্দীপক লাগে সেটিই বেছে নিতে দিন। বহু বইয়ের দোকানেই দুর্দান্তভাবে বই সাজিয়ে রাখা থাকে এবং যাতে শিশুদেরকে পাঠে নিয়োজিত হওয়ায় সাহায্য করা যায়।

9 আপনার স্থানীয় গ্রন্থাগারের অনুষ্ঠানগুলিতে যোগদান করুন যাতে আপনার শিশু অন্যান্য শিশুদের সাথে উদ্দীপক কার্যকলাপে যোগ দিতে পারে। প্রায়ই গ্রন্থাগারগুলিতে লেখককে ডেকে এনে অনুষ্ঠান করা হয় যা খুব মজাদার এবং উৎসাহদায়ী হতে পারে।

10 স্কুলের পরে আপনার সন্তানের সাথে কথা বলার সময় তারা কোন বইটি ঘরে এনেছে তা দেখতে উৎসাহী হোন, এবং দেখান যে আপনি এটি শুনতে উদগ্রীব হয়ে রয়েছেন।

11 বইয়ের বিষয়টির সাথে জড়িত আঁকা, লেখা এবং খেলা করায় উৎসাহ দিন। এটি আপনার সন্তানকে গল্পটিতে মনোযোগ দিতে সাহায্য করে এবং দেখায় যে পড়া মানে শুধুমাত্রই শব্দগুলি উচ্চারণ করা নয়।

12 দিনের কোনো বিশেষ সময়ে 'একসাথে পড়ার সময়' বের করার চেষ্টা করুন, যখন আপনারা গল্প করবেন এবং একে অপরের সঙ্গ উপভোগ করবেন। এটি আপনার সন্তানকে ঘরে পড়তে উদগ্রীব করে তুলবে।

13 অল্প অল্প করে বারবার পড়া মাঝেমধ্যে একটু পুনরাবৃত্তিমূলক হতে পারে কাজেই প্রতিদিন আলাদা কোনো ঘরে বসে পড়ার মত পরিবর্তনে উৎসাহ দিন।



# আপনার সন্তানের পঠনের রেকর্ড ব্যবহার করা

আপনার সন্তান হয়তো আপনাকে একটি পাঠের নথি এনে দিতে পারে। এটি আপনার সন্তানের সাথে আপনার ঘরে পূরণ করার জন্য। প্রথম দিকে প্রত্যেক দিন খালি ঘরগুলি ভর্তি করে পৃষ্ঠা পূরণ করা একঘেয়ে মনে হতে পারে, কাজেই আপনি যে ধরনের মন্তব্য লিখতে পারেন তার কিছু ধারণা এবং উদাহরণ এখানে দেওয়া হল:

★ **ইতিবাচক প্রশংসা**

আপনার সন্তানের উদ্দেশ্যে প্রশংসাসূচক মন্তব্য করা তাদের আত্মবিশ্বাস ও মনোবল বাড়াতে সাহায্য করতে পারে। উদাহরণ স্বরূপ, *অসাধারণ একাগ্রতা, বেন।*

★ **অগ্রগতির উপরে নজর রাখা**

আপনার সন্তানের খুঁজে বের করা নতুন শব্দের এবং মূল কৃতিত্বগুলির একটি নথি তৈরী করুন। যেমন, *হেলেন নতুন শব্দ 'bustle' এবং 'ponder'-এ আগ্রহী হয়ে পড়েছে - আমরা মানেগুলি অভিধানে বের করে দেখলাম বা এমিলি মনে করে পূর্ণযতিতে থেমেছে।*

★ **শিক্ষকের সাথে যোগাযোগ করা**

পাঠের নথিতে একটি ছোট্ট টীকা দেওয়া আপনার সন্তানের শ্রেণী শিক্ষকের সাথে যোগাযোগ করার এক কার্যকর উপায়। যেমন, *রাশেল আজ মাত্র কয়েক পাতাই পড়েছে, কারণ তার শরীরটা ভালো লাগছিল না।*

★ **প্রশ্ন জিজ্ঞাসা করা**

স্কুলে সবসময় শিক্ষকের সাথে আলোচনা করা সম্ভব নয়, কাজেই প্রশ্ন জিজ্ঞাসা করার পক্ষে পাঠের নথি ব্যবহার করা চটজলদি উপায় হতে পারে। যেমন, *আমরা সত্যিই শামুকের গল্পটি খুব ভালোভাবে উপভোগ করেছি, আমরা কি ওটা আরেকবার পড়ে পারি?*

★ **শক্ত শব্দ থাকলে তা লিখে রাখা**

যদি আপনার সন্তান কোন শক্ত শব্দ খুঁজে বের করে, তাহলে একটি তালিকা করুন এবং পাঠের নথি লেখার সময় প্রত্যেকবার আপনার সন্তানের সাথে এই শব্দগুলি পড়ার অভ্যাস করুন।

★ **বিভিন্ন ধরনের দক্ষতার উপরে নজর রাখা**

লেখার সময় পুনরাবৃত্তি এড়ানো এবং বিভিন্ন জিনিসের কথা মনে রাখা শক্ত হতে পারে। শক্ত শব্দের সাথে সাথে *স্বাচ্ছন্দ্য, নির্ভুলতা, বোধগম্যতা, অধ্যবসায়, অভিব্যক্তি, একনিষ্ঠতা, শব্দভাণ্ডার, ব্যাকরণ এবং যতিচিহ্নের উপরও মন্তব্য করার চেষ্টা করুন।*



# পাঠকদেরকে অসুবিধায় সাহায্য করা

যদি আপনার সন্তানের পড়ার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে ভেবে আপনি চিন্তিত হন, তাহলে আপনি এই উপায়গুলি প্রয়োগ করে দেখতে পারেন:

- ★ আপনার সন্তানের কোথায় অসুবিধা হচ্ছে তা পর্যবেক্ষণ করে ভাবার চেষ্টা করুন-আপনি কি মনে করেন যে তাদের ধ্বনিবিজ্ঞানের দক্ষতার অভাব রয়েছে? একটি বোধগম্যতার দক্ষতা? নাকি এটি স্মৃতি ধরে রাখার একটি সমস্যা?
- ★ আপনার সমস্যা নিয়ে ক্লাসের শিক্ষকের সাথে কথা বলুন এবং কোনো দুশ্চিন্তার কথা জানাতে আপনার সন্তানের পাঠের রেকর্ডটি ব্যবহার করুন।
- ★ মনে রাখবেন, পড়তে শেখা বুদ্ধিমত্তার প্রতিফলন ঘটায় না-এটি এক গোছা বিশেষ ও সমস্যাবহুল দক্ষতা শেখা, কাজেই ধৈর্য্য ধরুন, যেহেতু এক রাতেই সেটি ঘটা সম্ভব নয়।
- ★ আপনার সন্তানের সামনে তাদের পাঠ নিয়ে আপনার দুশ্চিন্তা বা হতাশার কথা প্রকাশ করবেন না। তারা এগুলি ধরে নিয়ে চিন্তা করতে শুরু করতে পারে।
- ★ যদি আপনার সন্তান কোন নির্দিষ্ট শব্দে আটকে যায়, তাহলে তাদেরকে সেই শব্দটি বলে দিতে এবং তাদেরকে এগোতে দিতে পিছপা হবেন না। প্রত্যেকটি *রিডিং প্যানেট* বইয়ের প্রচ্ছদ পৃষ্ঠার ভিতরের দিকে কিছু কৌশলী শব্দের চটজলদি তালিকা রয়েছে।
- ★ পরিস্থিতিটিকে চাপমুক্ত করুন-একসাথে পড়লে বা প্রত্যেকে পালা করে একটি করে পৃষ্ঠা পড়লে তা ভালোই।
- ★ ইতিবাচক হোন - এমন কি ছোট ছোট সাফল্যের জন্যও প্রচুর প্রশংসা করুন এবং উৎসাহ দিন।
- ★ নিশ্চিতভাবে আপনার সন্তানের চক্ষু বিশেষজ্ঞের সাথে সাম্প্রতিককালে সাক্ষাৎকার করিয়ে নিন-চোখে দেখার সমস্যাও কোনো কোনো সময় অলক্ষিত থেকে যায় এবং পাঠের দক্ষতাকে প্রভাবিত করতে পারে।
- ★ যদি আপনার সন্তান ডিসলেক্সি হতে পারে বলে আপনার চিন্তা হয়, তাহলে আপনার সন্তানের শিক্ষকের সাথে কথা বলে উপদেশ চান। আরো বেশি সহায়তা পাওয়ার জন্য www.bdadyslexia.org.uk দেখুন।
- ★ আপনার সন্তানকে তাদের প্রিয় লেখক, বিষয় এবং ধারা খুঁজে বের করতে সাহায্য করার মাধ্যমে উৎসাহিত করুন। পাঠের অভিজ্ঞতা নিয়ে ইতিবাচক হয়ে থাকা গুরুত্বপূর্ণ। পাঠের জন্য প্রচুর প্রশংসা করুন, এমনকি যদি আপনার সন্তান স্কুল পাঠ্য বইয়ের বাইরে অন্য কোন পাঠ্য বা পত্রিকাও পড়ে থাকে।

# সমস্যা সমাধান বিষয়ক পরামর্শ

**আমরা যতক্ষণে স্কুল থেকে ঘরে গিয়ে পৌঁছাই ততক্ষণে আমার মেয়ে ক্লান্ত হয়ে পড়ে - আমার কি সত্যিই তার সাথে পড়ার দরকার আছে?**

স্কুল সমাপ্তির পরে ক্লান্তি আসতে পারে, এবং বাচ্চাদের খেলার জন্য ও ঘরে বিশ্রামের জন্যও সময় চাই। যদি সে চোখ খুলে রাখতেই লড়াই করে, তাহলে সে পড়া উপভোগ করবে না! পারলে সকালে কয়েক মিনিট পড়ার চেষ্টা করুন বা এটিকে আপনাদের সপ্তাহান্তের রুটিনের অংশ করে তুলুন - অল্প অল্প করে বারবার পড়াই হল মূলমন্ত্র।

**আমি একা অভিভাবক, এবং আমার পক্ষে সন্তানের সাথে তার পড়ায় সময় দেওয়া খুবই কষ্টকর। আমার নিজেরই উপন্যাস পড়ার সময় হয় না, কিন্তু আমি একজন আদর্শ অভিভাবক হতে চাই। আমি কি করতে পারি?**

আদর্শ অভিভাবক হওয়ার জন্য আপনার সাহিত্যে বিশেষজ্ঞ হওয়ার দরকার নেই। এমনকি খবরের কাগজ বা পত্রিকা পড়াও আপনার সন্তানকে দেখাতে পারে যে পড়া নিত্যনৈমিত্তিক রুটিনের একটি উপভোগ্য অঙ্গ হতে পারে। এমন একটি বিষয় খুঁজে বের করার চেষ্টা করুন যা আপনারা দুজনেই ভাগ করে পড়তে পারেন ও পড়ে উপভোগ করেন।

**আমার মেয়ে একই বইয়ের ব্যান্ডের বই পড়াতেই আটকে রয়েছে, এবং আমি চিন্তিত যে সে হয়তো যথেষ্ট দ্রুতগতিতে এগোচ্ছে না। একটি ব্যান্ড পেরোতে কতটা সময় লাগা উচিত?**

এমন কোনো ধার্য করা সময় নেই, কাজেই আপনার সন্তানের অগ্রগতি অন্য কোনো শিশু বা ভাইবোনের অগ্রগতির সাথে তুলনা না করার চেষ্টা করুন। এমনকি আপনার সন্তান আত্মবিশ্বাসের সাথে পড়লেও, তাদের পক্ষে শব্দগুলি পড়তে পারার সাথে বইটি বুঝতে পারাটাও গুরুত্বপূর্ণ। এটি কোনো বইয়ের ব্যান্ডের প্রত্যেকটি বই শেষ করা নিয়েই নয়, বরং গল্প এবং পাঠ্যাংশের বোধগম্যতা নিয়ে। আপনার সন্তানের শিক্ষকের বিচারের উপর ভরসা করুন - তাঁরা প্রতিটি শিশুর অগ্রগতি পরীক্ষা করবেন এবং আপনার মেয়ের পক্ষে কখন আরেকটু কঠিন বইয়ে যাওয়ার সময় হবে তা জানাবেন।

**আমার সন্তান মনে হচ্ছে পাঠ্যাংশ ঝড়ের বেগে শেষ করতে চাইছে এবং শব্দ আন্দাজ করে পড়তে গিয়ে প্রচুর ভুল করছে। আমার কি করা উচিত?**

আপনার স্পষ্টভাবে আপনার সন্তানকে ধীরে পড়তে বলা উচিত। শব্দগুলি নিখুঁতভাবে পড়তে পারা কতটা গুরুত্বপূর্ণ তা ব্যাখ্যা করুন। যদি তারা তাড়াহুড়ো করে শব্দগুলি পার করে চলে যায়, আন্দাজ করে পড়তে গিয়ে ভুলভ্রান্তি করে, তাহলে কি তারা পাঠ্যাংশের বিষয়টি বুঝছে? শব্দ পড়তে পারা এবং সেগুলির মানে কি তা বোঝাটাও গুরুত্বপূর্ণ।

## আরো পড়া

*হেল্প ইওর চাইল্ড লাভ রিডিং: এ পেরেন্টস গাইড,* অ্যালিসন ডেভিড (এগমন্ট, 2014)

*আনন্দলাভের জন্য পড়া: একটি সাহিত্য পর্যালোচনা* (ন্যাশনাল লিটারেসি ট্রাস্ট, 2016)

CLPE পাঠের স্কেল
www.clpe.org.uk/library-and-resources/reading-and-writing-scales

কভেন্ট্রি ইউনিভার্সিটি-বাক ছন্দ সংবেদনশীলতা গবেষণা
www.coventry.ac.uk/research/areas-of-research/psychology-behaviour-achievement/literacy-research/

শিক্ষা বিভাগ - জাতীয় পাঠ্যক্রমের মূল্যায়ন: 2016 নমুনা উপকরণ
www.gov.uk/government/collections/national-curriculum-assessments-2016-sample-materials

শিক্ষা বিভাগ - ইংল্যান্ডের জাতীয় পাঠ্যক্রম: ইংরেজী শিক্ষার কর্মসূচী
www.gov.uk/government/publications/national-curriculum-in-england-english-programmes-of-study

উপভোগের জন্য পাঠ করা
www.literacytrust.org.uk/research/nlt_research/271_reading_for_pleasure_a_research_overview

*রিডিং প্ল্যানেট*
www.risingstarsreadingplanet.com

দ্য সেন্টার ফর লিটারেসি ইন প্রাইমারী এডুকেশন (CLPE)
www.clpe.org.uk

দ্য ন্যাশনাল লিটারেসি ট্রাস্ট
www.literacytrust.org.uk

Rising Stars
Reading Planet

# রিডিং প্যানেটের সাহায্য নিয়ে আপনার সন্তানকে একজন প্রত্যয়ী পাঠক হয়ে উঠতে সাহায্য করুন!

## Lift-off

শব্দহীন বই




## Rocket Phonics

সম্পূর্ণ পাঠোদ্ধারযোগ্য পড়ার বই




## COMET STREET KIDS

রোমাঞ্চকর গল্প




## Galaxy

ব্যাপক পড়া




আরও বেশি নির্দেশনা এবং বিনামূল্য সহায়তা এখানে পান :
risingstarsreadingplanet.com/parents

RISING STARS

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে 01235 400555-এ কল করুন
www.risingstars-uk.com